48

তারিখ ... ১৬ আগস্ট ৮৯
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

# আলীয়া মাদ্রাসা ঘটনা ঃ তদন্ত কমিটি গঠিত

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গত সোমবার রাতে আলীয়া মাদ্রাসা ছাত্রাবাসে সংঘটিত সন্ত্রাসী ঘটনাবলী তদন্তের জন্য ৬ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

গতকাল রাতে মাদ্রাসার প্রিন্সি

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## আলীয়া মাদ্রাসা

(প্রথম পৃঃ পর)

প্যালের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করা হলে তিনি একথা জানান।

মাদ্রাসার সিনিয়র শিক্ষকদের নিয়ে গঠিত এ তদন্ত কমিটিকে আগামী ২০শে আগস্টের মধ্যে রিপোর্ট পেশ করতে বলা হয়েছে।

এদিকে সোমবার রাতের ঘটনায় আহত ১৪ জনের মধ্যে ৭ জন ছাত্রকে গতকাল ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল থেকে ছেড়ে দেয়া হয়েছে।

আলীয়া মাদ্রাসায় সন্ত্রাস সৃষ্টি এবং ছাত্রদল নেতা-কর্মীদের ওপর হামলার তদন্ত ও দোষীদের শাস্তির দাবী জানিয়েছেন বিএনপির মহাসচিব ব্যারিস্টার আবদুস সালাম তালুকদার।

বিএনপি নেতা বিবৃতিতে ষড়যন্ত্রের বিরুদ্ধে হুশিয়ারী উচ্চারণ করে বলেন, ধর্মের নামে রাজনীতির ছত্রচ্ছায়ায় কোন দূরভিসন্ধি সফল হবে না তিনি সংযত হওয়ার জন্যে সংশ্লিষ্টদের প্রতি আহবান জানান।

**ছাত্রদলের প্রতিবাদ সভা**

আলীয়া মাদ্রাসা ছাত্রাবাসে সংগঠনের নেতা-কর্মীদের উপর হামলার প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্রদল সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ শাখা গতকাল কলেজ চত্বরে এক প্রতিবাদ সভা করে।

সভা শেষে একটি বিক্ষোভ মিছিল কলেজ চত্বর প্রদক্ষিণ করে।